গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০৪.০১১.০৯১৫.০০.২২৬.২০১০-৪১০ তারিখ: ২৪ জুলাই ২০১৮

বিষয়: রিক্রুটিং এজেন্সী মেসার্স খান ওভারসীজ (আর.এল-৯১৫)-এর অনুকূলে সৌদি আরবস্থ নিয়োগকর্তা SRACO Company এর অধীনে Cleaning agent public building পদে ৯৬ (ছিয়ানব্বই) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী মেসার্স খান ওভারসীজ (আর.এল-৯১৫)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবস্থ নিয়োগকর্তা SRACO Company এর অধীনে Cleaning agent public building পদে ৯৬ (ছিয়ানব্বই) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| কোম্পানীর নাম | পদের নাম | কর্মী সংখ্যা | বেতন (মাসিক) | অন্যান্য সুবিধাদি |
|---|---|---|---|---|
| SRACO Company | Cleaning agent public building | ৯৬ (ছিয়ানব্বই) জন পুরুষ কর্মী | ৮০০ (আটশত) সৌদি রিয়াল | বাসস্থান, আহার, যাতায়াত, পোষাক এবং চিকিৎসা ফ্রি;<br>চুক্তির মেয়াদ-০২ বছর;<br>কর্মঘণ্টা-০৮ ঘণ্টা;<br>বিমান ভাড়া- উভয় পথ ফ্রি ;<br>চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। |

শর্তাবলী :

(ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং সৌদি আরবস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।

(গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।

(ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(ছ) চাকরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(জ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(ঝ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।

(ঞ) সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।

(ট) দক্ষতা ভিত্তিক ট্রেডে কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
(ঠ) মুল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation –এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।
(ড) ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।

২৪/৭/১৮

(মোহাম্মদ শাহীন)
উপসচিব
ফোন-৯৩৫৬৭৩৫
ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০৪.০১১.০৯১৫.০০.২২৬.২০১০

তারিখ: ২৪ জুলাই ২০১৮

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)</u> ঃ

১. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
২. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩. সহকারী প্রোগ্রামার (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **(মন্ত্রণালয়েল ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**
৪. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৫. স্বত্ত্বাধিকারী, মেসার্স খান ওভারসীজ (আর.এল-৯১৫), ৯, ই/এ, মাজার রোড, মিরপুর, ঢাকা-১২১৮।
৬. অফিস কপি।

(মোহাম্মদ শাহীন)
উপসচিব